

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ চলচিত্র সেপর বোর্ড  
তথ্য মন্ত্রণালয়

## বিজ্ঞপ্তি

### জাতীয় চলচিত্র পুরস্কার ২০১৫ এর জন্য চলচিত্র আহ্বান

নং-১৫.৫৯.০০০০.০০৯.২৩.০০১.১৬-১৩০২

০৪ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ।

তারিখ: \_\_\_\_\_

১৯ অক্টোবর, ২০১৬ খ্রিষ্টাব্দ

জাতীয় চলচিত্র পুরস্কার ২০১৫ প্রতিযোগিতায় অংশগ্রহণেছে সংশ্লিষ্ট প্রযোজকদের কাছ থেকে নিম্নোক্ত শর্তাবলির আলোকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

১।

শর্তাবলি:

- (ক) কেবল বাংলাদেশি নাগরিকগণ জাতীয় চলচিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবেন;  
(খ) আজীবন সম্মাননা পুরস্কারের জন্য জীবিত ব্যক্তিদেরকে বিবেচনা করা হবে;  
(গ) যৌথ প্রযোজনায় নির্মিত চলচিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে। তবে যৌথ প্রযোজনা চলচিত্রের বিদেশি শিল্পী এবং কলা-কুশলীগণ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না;  
(ঘ) জাতীয় চলচিত্র পুরস্কারের বিবেচনাযোগ্য চলচিত্রকে অবশ্যই বাংলাদেশ চলচিত্র সেপর বোর্ডের সেপর সনদপত্র প্রাপ্ত এবং বিবেচ্য বছরে প্রেক্ষাগৃহে মুক্তিপ্রাপ্ত হতে হবে। স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচিত্রের ক্ষেত্রে প্রেক্ষাগৃহে মুক্তির কোনো বাধ্যবাধকতা থাকবে না, তবে তা ২০১৫ সালে সেপর সনদপত্র প্রাপ্ত হতে হবে;  
(ঙ) পুরস্কারযোগ্য প্রতিটি শাখায় গুণগত ও শৈলীক মানে শ্রেষ্ঠত্বের ভিত্তিতে পুরস্কারের জন্য বিবেচনা করা হবে;  
(চ) দেশীয় প্রেক্ষাপট, পরিচালকের মৌলিকত্ব ও সৃজনশীলতার স্বাক্ষর বহনকারী চলচিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে;  
(ছ) জুরি বোর্ডের বিবেচনার জন্য প্রতিটি নৃত্যের জন্য পৃথকভাবে নৃত্য পরিচালকের নাম উল্লেখ করতে হবে। একইভাবে প্রতিটি গানের জন্য পৃথকভাবে গায়ক, গায়িকা এবং সুরকারের নাম উল্লেখ করতে হবে;  
(জ) কাহিনির ক্ষেত্রে দেশি বা বিদেশি লেখক/প্রকাশক এর অনুমতি (কপিরাইট) নিয়ে নির্মিত চলচিত্র জাতীয় চলচিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে;  
(ঝ) বিদেশি চলচিত্রের কপিরাইট নিয়ে নির্মিত চলচিত্র জাতীয় চলচিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে না; রিমেক (Remake) চলচিত্রের কাহিনী পুরস্কারের জন্য বিবেচিত হবে না;  
(ঞ) জাতীয় চলচিত্র পুরস্কারের জন্য অংশগ্রহণকারী কোনো চলচিত্রে সেপরবিহীন কোনো দৃশ্য সংযোজন এবং সেপরকৃত কোনো অংশ বিয়োজন করা হয়েছে বলে প্রমাণিত হলে সে চলচিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে না।  
(ট) সংশ্লিষ্ট চলচিত্রের প্রধান প্রধান দৃশ্য/সংলাপ সম্বলিত বিষয়বস্তুর ওপর ৫ মিনিটের (কম/বেশি) একটি ডিভিডি মূল চলচিত্রটির সাথে জমা দিতে হবে।

২।

পুরস্কারের ক্ষেত্রসমূহ :

০১	আজীবন সম্মাননা	০২	শ্রেষ্ঠ চলচিত্র
০৩	শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচিত্র	০৪	শ্রেষ্ঠ প্রামাণ্য চলচিত্র
০৫	শ্রেষ্ঠ চলচিত্র পরিচালক	০৬	শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে
০৭	শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে	০৮	শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে
১৯	শ্রেষ্ঠ অভিনেত্রী/অভিনেত্রী কৌতুক চরিত্রে	১০	শ্রেষ্ঠ অভিনেত্রী/অভিনেত্রী খল চরিত্রে
১১	শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে	১২	শ্রেষ্ঠ শিশু শিল্পী
১৩	শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার	১৪	শ্রেষ্ঠ সঙ্গীত পরিচালক
১৫	শ্রেষ্ঠ নৃত্য পরিচালক	১৬	শ্রেষ্ঠ গায়ক
১৭	শ্রেষ্ঠ গায়িকা	১৮	শ্রেষ্ঠ গীতিকার
১৯	শ্রেষ্ঠ সুরকার	২০	শ্রেষ্ঠ কাহিনিকার
২১	শ্রেষ্ঠ চিত্রনাট্যকার	২২	শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা
২৩	শ্রেষ্ঠ সম্পাদক	২৪	শ্রেষ্ঠ শিল্প নির্দেশক
২৫	শ্রেষ্ঠ চিত্রগ্রাহক	২৬	শ্রেষ্ঠ শব্দগ্রাহক
২৭	শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা	২৮	শ্রেষ্ঠ মেক-আপম্যান


৩। প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক প্রযোজকদেরকে নির্ধারিত ছকে আবেদন করতে হবে। আবেদনের ফরম/ছক বিনামূল্যে বাংলাদেশ চলচিত্র সেপর বোর্ড কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। আবেদনের ফরম সেপর বোর্ডের ওয়েবসাইট [www.bfcb.gov.bd](http://www.bfcb.gov.bd) থেকে ডাউনলোড করেও ব্যবহার করা যাবে।

৪। প্রত্যেক আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট চলচিত্রের যথাযথ মান সম্পন্ন প্রিন্ট/ডিভিডি মানসম্মত না হলে তা বিবেচনা না করার ক্ষমতা জুরি বোর্ড সংরক্ষণ করে।

৫। চলচিত্রের আবেদনপত্র ২০-১১-২০১৬ তারিখ রাবিবার বিকেল ৫:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে।

৬। জাতীয় চলচিত্র পুরস্কার ২০১৫ সম্পর্কিত যে কোনো বিষয়ে জুরি বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অংশগ্রহণকারী প্রযোজককগণকে তাঁদের নিজ নিজ চলচিত্রের একটি উন্নতমানের প্রিন্ট/ডিভিডি এবং নির্ধারিত ছকে প্রযোজক, পরিচালক এবং সংশ্লিষ্ট শিল্পী ও কলা-কুশলীদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বরসহ জীবন বৃত্তান্ত, চলচিত্রের কাহিনি সংক্ষেপ, গানের কথা ইত্যাদি প্রতিটির ১৫ (পনেরো) সেট করে ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচিত্র সেপর বোর্ড ও সদস্য-সচিব, জুরি বোর্ড, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-১), ৩৭/৩/এ ইক্সট্রান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় নির্ধারিত সময়ের মধ্যে পৌছাতে হবে।

  
১০.১০.১

(মোঃ জাকির হোসেন)

ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচিত্র সেপর বোর্ড

ও

সদস্য-সচিব, জুরি বোর্ড, জাতীয় চলচিত্র পুরস্কার ২০১৫

ফোন: ৯৬০২৪২৭, ফ্যাক্স: ৯৬০২১২৮৫